ঝিনাইদহের শৈলকুপায় প্রতিপক্ষের হামলায় ভাংচুর-লুটপাট

ঝিনাইদহ শৈলকুপা উপজেলার নিত্যানন্দপুর ইউনিয়নের শেখড়া গ্রামের নির্বাচন পরবর্তী সহিংসতায় প্রতিপক্ষের ১০ টি বাড়িঘরে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করার অভিযোগ উঠেছে। গতকাল শনিবার রাতে উপজেলার ওই গ্রামের মোল্লাপাড়ায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে নিত্যানন্দপুর ইউনিয়নের চেয়ারম্যান মফিজ উদ্দিন বিশ্বাস ও সাবেক চেয়ারম্যান ফারুক হোসেন বিশ্বাসের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। গত উপজেলা পরিষদ নির্বাচনে ফারুক হোসেন জয়ী চেয়ারম্যান প্রার্থী মোস্তফা আরিফ রেজা মন্নু ও মফিজ উদ্দিন শামীম হোসেন মোল্লাকে সমর্থন নেয়। উপজেলা নির্বাচনে চেয়ারম্যান পদে মোস্তফা আরিফ রেজা মন্নু নির্বাচিত হওয়ার পর থেকেই নিত্যানন্দপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে ফারুক হোসেনের সমর্থকরা ইউনিয়নের বিভিন্ন গ্রামে মফিজ উদ্দিনের সমর্থকদের মারধর ও বাড়িঘরে হামলা চালিয়ে আসছে। এরই জের ধরে শনিবার রাতে শেখড়া গ্রামের ফারুকের সমর্থক আমোদ ফকির ও গিয়াস বিশ্বাসের লোকজন মফিজের সমর্থক শাহাদাৎ শেখ, মনিরুল শেখ, আবু কালাম, গফুর মোল্লা, মজিবর শেখ, আজিবর শেখসহ ১০ জনের বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। এ ঘটনার পর এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

শৈলকুপা থানার ওসি সফিকুল ইসলাম চৌধুরী বলেন, শেখড়া গ্রামে গেল রাতে মফিজ উদ্দিনের সমর্থকদের কয়েকটি বাড়ি ভাংচুর করেছে ফারুকের লোকজন। আমরা রাতেই গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে এনেছি। বর্তমানে এলাকার পরিস্থিতি শান্ত রয়েছে। লিখিত অভিযোগ দিলে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোটচাঁদপুরে নিয়োগ বঞ্চিতদের মানববন্ধন

নিয়োগ বোর্ড বাতিল ও টাকা ফেরতের দাবীতে মানববন্ধন করেছেন নিয়োগ বঞ্চিত প্রার্থী ও তাদের স্বজনরা। রবিবার (৩০ জুন) তারিখ সকালে কোটচাঁদপুরের কুশনা মাধ্যমিক বিদ্যালয়ের সামনে সড়কে এ মানববন্ধন করেন তারা।

মানববন্ধনে উপস্থিত ছিলেন,নিয়োগ বঞ্চিত প্রার্থীর পিতা ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান,কুশনা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য ইসরাফিল হোসেন,লিটন হোসেন। এ ছাড়া উপস্থিত ছিলেন নিয়োগ বঞ্চিত প্রার্থী ও তাদের স্বজনরা।

মানববন্ধনে বক্তব্য রাখেন, নিয়োগ বঞ্চিত প্রার্থী শিহাব হোসেন,সেলিম রেজা ও রোকন হোসেন, তারা বলেন,চাকুরী দেবার কথা বলে কুশনা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আব্দুর রশিদ আমাদের কাছ থেকে ৮/১০ লাখ টাকা করে নেন। পরে অন্য প্রার্থীরা আমাদের থেকে বেশি টাকা দেওয়ায় তাদের চাকুরী দিয়েছেন।

তারা অভিযোগ করে বলেন,যারা নিয়োগ বোর্ডের মাধ্যমে নিয়োগ পাবেন,তারা আগের রাতে কমিটির সভাপতির কাছ থেকে প্রশ্নপত্র হাতে পান। পরে ওই প্রার্থীরা সারারাত পড়ে বোর্ডে ভাল পরিক্ষা দিয়েছেন। তারা আরো বলেন, বোর্ডের কর্মকর্তারা এখানে এসে কোন প্রশ্ন করেননি। কমিটির দেয়া প্রশ্নেই তারা পরিক্ষা নিয়েছেন। তা না হলে আগের রাতে কমিটির পছন্দের প্রার্থীরা কিভাবে প্রশ্নপত্র হাতে পান,এমন দাবি তাদের। তারা অবিলম্বে এ নিয়োগ বোর্ড বাতিল ও তাদের টাকা ফেরতেও দাবি করেছেন।

ওই কমিটির সদস্য ইসরাফিল হোসেন,লিটন হোসেন বলেন,নিয়োগ দেয়ার জন্য অনেকের কাছ থেকে সভাপতি টাকা নিয়েছেন আমরা জানি। তবে এখন কেন তাদের টাকা কেন ফেরত দিচ্ছেন না, তা আমাদের জানা নাই।

ওই দুই সদস্য বলেন, এছাড়া আমরা চেয়ারম্যান আব্দুল হান্নানের ছেলে টাকা ও শিহাবের টাকা হাতে করে তাকে দিয়ে ছিলাম।
নিয়োগ বঞ্চিতদের স্বজন আছিয়া বেগম বলেন, আমার নাতিনের চাকুরির জন্য,কিস্তি তুলে,মানুষের কাছ থেকে চেয়ে এনে সভাপতির হাতে টাকা দিয়ে ছিলাম। তিনি অন্য প্রার্থীর কাছ থেকে আরো বেশি টাকা নিয়ে

তাকে নিয়োগ দিয়েছেন। তিনি হয় টাকা চান,না হলে তাঁর নাতিনের চাকুরির দাবি করেছেন মানববন্ধন থেকে।

কুশনা ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল হান্নান বলেন,আমার ছেলে সহ ১০ জনের কাছ থেকে বিদ্যালয়ের সভাপতি আব্দুর রশিদ কোটি টাকা নিয়োগ বানিজ্য করেছেন। তিনি নিয়োগ বোর্ড বাতিল ও টাকা ফেরতের দাবি করছেন। অন্যথায় তিনি নিয়োগ বঞ্চিতদের নিয়ে আরো কঠিন কর্মসুচী দিবেন বলেও হুশিয়ারি দিয়েছেন।

রবিবার সকালে কোটচাঁদপুরের কুশনা মাধ্যমিক বিদ্যালয়ের সামনের সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। ঘন্টা ব্যাপী চলে মানববন্ধন। এ মানববন্ধনে উপরোক্ত দাবি জানান তারা।

জানা যায়,কোটচাঁদপুরের কুশনা মাধ্যমিক বিদ্যালয়ে ৫ টি পদে নিয়োগ পরিক্ষা ছিল শুক্রবার (২৮-০৬-২৪) তারিখে। যার মধ্যে ছিল অফিস সহকারি, অফিস সহায়ক,নৈশ্য প্রহরী,পরিছন্ন কর্মী,আয়া। এ সব পদে চাকুরীর জন্য ৭৭ জন আবেদন করেন। তবে পরিক্ষায় অংশ গ্রহন করেন ৪৩ জন।

পরিক্ষা সুষ্ঠু ভাবে সম্পন্ন হলেও ফল ঘোষণার পর দফায় দফায় চলে নিয়োগ বঞ্চিতদের হামলা ওই বিদ্যালয়ের সভাপতি ও কৃষক লীগ নেতা আব্দুর রশিদ ও শিক্ষক গোলাম কিবরিয়া বিপ্লবের উপর। বিষয়টি নিয়ে ওইদিন দিবাগত রাতে উভয় পক্ষ কোটচাঁদপুর থানায় অভিযোগ করেন বলে জানিয়েছেন থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন।

এ ব্যাপারে কুশনা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আব্দুর রশিদ বলেন, বিদ্যালয়ের সভাপতি ও কৃষকলীগ নেতা আব্দুর রশিদ বলেন, নিয়োগ স্বচ্চ হয়েছে। আমি কারোর কাছ থেকে কোন টাকা নেয়নি। পরিক্ষায় যারা ভাল করেছেন,তারা চাকুরী পেয়েছেন।

তবে আপনার উপর হামলা কেন,এমন প্রশ্নে তিনি বলেন,যারা নিয়োগ পাননি তারা আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছেন। এবং হামলাও চালিয়েছেন। তিনি আরো বলেন,আমি কারোর কাছ থেকে কোন টাকাই নেয়নি। তারা আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ ও অপপ্রচার চালাচ্ছেন।

ঝিনাইদহে জনশুমারী ও গৃহগণনার রিপোর্ট প্রকাশ

দেশের প্রথম ডিজিটাল জনশুমারী ও গৃহগণনার জেলা রিপোর্ট প্রকাশ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ২০২২ এর এ শুমারির মোড়ক উন্মোচন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রনালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপ-সচিব আজাদ জাহান, পরিসংখ্যান ব্যুরোর এসডিজি সেলের উপপরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলমগীর হোসেন, ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা পরিসংখ্যান অফিসের উপ-পরিচালক আব্দুল আলীম। মোড়ন উন্মোচন শেষে জনশুমারীর জেলার তথ্য তুলে ধরা হয়।

২০২২ সালের জনশুমারী অনুযায়ী ঝিনাইদহে বর্তমান জনসংখ্যা ২০ লাখ ৫ হাজার ৮’শ ৪৮ জন। জনসংখ্যায় পুরুষের তুলনায় নারী সংখ্যা বেশি। বর্তমানে ঝিনাইদহে বিদ্যুৎ সুবিধা পাচ্ছেন জেলার ৯৯ দশমিক ৬৯ ভাগ মানুষ। যেখানে ১৯৯১ সালে ছিলো ৫ দশমিক ৯৯ ভাগ। এছাড়াও জনশুমারীতে উঠে আসা জেলার নানা তথ্য তুলে ধরা হয় এই রিপোর্টে।

হরিণাকুন্ডে হতদরিদ্র মেধাবী শিক্ষার্থীর হাতে শিক্ষা বৃত্তি প্রদান

ঝিনাইদহে হরিণাকুন্ডে “শিশুনিলয় ফাউন্ডেশন” এর আয়োজনে এক হাতদরীদ্র মেধাবী শিক্ষার্থীর হাতে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।

বুধবার উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এই বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম টিপু মল্লিক। এসময় হরিণাকুন্ড সরকারী লালনশাহ্ কলেজের এইচএস,সি (মানবিক) শাখার দ্বিতিয় বর্ষের ছাত্রী সম্পা রাণীর হাতে ১২ হাজার টাকার চেক তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপজেলা পরিষদের নব-নির্বাচিত ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলান ইশা, শিশুনিলয় ফাউন্ডেশন হরিণাকুন্ডু শাখা’র ব্যবস্থাপক মোঃ আজীম উদ্দীন, ক্রেডিট অফিসার আব্দুল আওয়াল। সুবিধাভোগী হাতদরীদ্র মেধাবী শিক্ষার্থী সম্পা রাণী হরিনাকুণ্ডু সরকারী বালিকা বিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে এসএসসি পাশ করেন।

সম্পা রাণী পৌরসভার চিথলীয়া পাড়ার সুকুমার বিশ্বাস ও সীমা বিশ্বাসের কন্যা। শিশু নিলয় ফাউন্ডেশনের শাখা ব্যবস্থাপক মোঃ আজীম উদ্দীন জানান প্রতি বছর প্রতিষ্ঠানটি এরকম দরীদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বৃত্তি প্রদান করে থাকে।

ঝিনাইদহে গ্যাস বাবুর মোবাইল উদ্ধার কাজে ডিবি প্রধান

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য এমপি আনোয়ারুল আজীম আনার হত্যার আসামি শিমুল ভূঁইয়ার সঙ্গে হোয়াটসঅ্যাপে যোগাযোগ করা তিনটি মোবাইল ফোন উদ্ধারে ঝিনাইদহে অভিযান চালাচ্ছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের তদন্তকারী একটি টিম।

আজ বুধবার (২৬ জুন) সকাল থেকে শহরের পায়রা চত্ত্বরে গাঙ্গুলী মিষ্টান্ন ভান্ডারের পেছনের একটি পুকুর ঘিরে রাখে পুলিশ। সেখানে ক্রাইম সিন এলাকা হিসেবে চিহ্নিত করে রাখা হয়েছে। একজন ম্যাজিস্ট্রেট ঘটনাস্থলে উপস্থিত রয়েছেন। ঢাকা থেকে মামলার তদন্ত কর্মকর্তা ডিবির সহকারী কমিশনার মাহফুজুর রহমানসহ ১০ ডিবি সদস্য এসেছেন।

এছাড়া ঢাকা মহানগর গোয়েন্দা প্রধান হারুন অর রশিদ হেলিকপ্টার যোগে ঝিনাইদহে এসে ঘটনাস্থল পরিদর্শন করছেন। ইতিমধ্যে কয়েকজন জেলেকে পুকুরে নামিয়ে মোবাইল উদ্ধারের চেষ্টা করা হলেও তা উদ্ধার করা সম্ভব হয়নি। এ তথ্য নিশ্চিত করেছেন ঝিনাইদহ গোয়েন্দা পুলিশের ওসি জুয়েল ইসলাম।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন জানান, সকাল ১১টা ৪৫ মিনিটের দিকে পুকুরে মোবাইল উদ্ধারের জন্য ঝিনাইদহ কারাগার থেকে ঘটনাস্থলে আনা হয় আওয়ামী লীগ নেতা কাজী কামাল আহমেদ বাবুকে। গতকাল মঙ্গলবার বিকেল ৩টা ৪৫ মিনিটের দিকে কাশিমপুর কারাগার থেকে ঝিনাইদহ কারাগারে স্থানান্তর করা হয় তাকে।

এদিকে সকাল থেকে ঝিনাইদহ শহরের গুরুত্বপূর্ণ এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। মোবাইল উদ্ধার না হলে অভিযান অব্যাহত থাকবে কি না বা পরবর্তীতে অন্য কোন পদক্ষেপ নেওয়া হবে কিনা মিডিয়ার সামনে তা জানান হয়নি। তবে মোবাইল উদ্ধারের কাজে ফায়ার সার্ভিস ও ডুবুরি দল প্রস্তুত রাখা হয়েছে বলে জানা গেছে।

এর আগে মঙ্গলবার (২৫ জুন) দুপুরে ঢাকার মিন্টো রোডে ডিবি কার্যালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) হারুন অর রশিদ বলেছিলেন, এই মোবাইলগুলো দিয়েই আনার হত্যার মূল ঘাতক আমানুল্লাহ ওরফে শিমুল ভূঁইয়া গ্যাস বাবুর সঙ্গে অসংখ্যবার কথা বলেছেন। এছাড়া, অসংখ্য মেসেজ তারা আদান-প্রদান করেছেন। মোবাইলগুলোতে ডিজিটাল তথ্য-উপাত্ত আছে বলে মনে করছি। না হলে গ্যাস বাবু মোবাইলগুলো পানিতে ফেলে দেবেন কেন? মোবাইলগুলো পেলে মামলার তদন্তে অনেক সহায়তা হবে। সেজন্য মোবাইল উদ্ধার করা অনেক জরুরি।

প্রসঙ্গত গত ১২ মে চিকিৎসার জন্য ঝিনাইদহের কালীগঞ্জ থেকে ভারতে যান এমপি আনার। ওঠেন পশ্চিমবঙ্গে বরাহনগর থানার মণ্ডলপাড়া লেনে গোপাল বিশ্বাস নামে এক বন্ধুর বাড়িতে। পরের দিন চিকিৎসক দেখানোর কথা বলে বাড়ি থেকে বের হন। এরপর থেকে নিখোঁজ হন আনোয়ারুল আজীম। এর পাঁচ দিন পর গত ১৮ মে বরাহনগর থানায় আনোয়ারুল আজীম নিখোঁজের বিষয়ে একটি জিডি করেন বন্ধু গোপাল বিশ্বাস। গত ২২ মে হঠাৎ খবর ছড়ায়, কলকাতার পার্শ্ববর্তী নিউটাউন এলাকায় সঞ্জীভা গার্ডেনস নামে একটি আবাসিক ভবনের বিইউ ৫৬ নম্বর রুমে আনোয়ারুল আজীম খুন হয়েছেন। তবে এখন পর্যন্ত তার মরদেহ সনাক্ত করা যায়নি

এমপি আনার হত্যা মামলার আসামী গ্যাস বাবু ঝিনাইদহ কারাগারে

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার হত্যা মামলার পরিকল্পনাকারীদের মথ্যে অন্যতম আসামী কাজী কামাল আহমেদ বাবু ওরফে গ্যাস বাবুকে ঝিনাইদহ জেলা কারাগারে আনা হয়েছে।

মঙ্গলবার(২৫জুন) বিকাল ৪ টার দিকে তাকে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার থেকে ঝিনাইদহ কারাগারে পাঠানো হয়।

গাজীপুর মেট্রোপলিটন পুলিশের একটি প্রিজন ভ্যানে তাকে কঠোর নিরাপত্তার মাধ্যমে নিয়ে আসা হয়। এর আগে ঝিনাইদহ জেলা শহরের বিভিন্ন স্থানে পুলিশী কঠোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়।

বাবুকে নিয়ে আগামীকাল তার ফেলে দেওয়া মোবাইলসহ আলামত উদ্ধার অভিযান শুরু হতে পারে বলে পুলিশের একটি সুত্র জানিয়েছে।

ঝিনাইদহ জেলা কারাগারের জেলার মহিউদ্দিন হায়দার এ তথ্য নিশ্চিত করেন জানান, সংসদ সদস্য আনার হত্যা মামলার অন্যতম আসামি কাজী কামাল ওরফে গ্যাস বাবুকে ঝিনাইদহ কারাগারে স্থানান্তর করা হয়েছে ।

কোটচাঁদপুরে ট্রেন লাইন থেকে অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রেন লাইন থেকে অজ্ঞাত (৩০) এক ব্যক্তির লাশ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার সকালে উপজেলার বলুহর গ্রামের

মাঠ এলাকা থেকে তার লাশ উদ্ধার করা হয়।

স্থানীয়রা জানায়, কোটচাঁদপুর স্টেশন থেকে ২ কিলোমিটার বলুহর গ্রামের বটতলা মাঠ এলাকার ৯৯/৮ এর ১০০/০ নং পিলারের কাছে অজ্ঞাত এক যুবকের খন্ড বিখন্ড লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দেয় এলাকাবাসী। পরে পুলিশ এসে তার লাশ উদ্ধার করে।

কোটচাঁদপুর থানার ওসি সৈয়দ আল মামুন জানান, ভোর রাতে ট্রেনে কাটা করে ওই যুবকের মৃত্যু হয়েছে বলে ধারণা করা হয়েছে। তবে তার নাম ও ঠিকানা জানা যায়নি। যশোর জি আরপি পুলিশ এলে লাশ তাদের কাছে হস্তান্তর করা হবে।

ঝিনাইদহ জেলা আ. লীগের সাধারণ সম্পাদক মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে সদর উপজেলার মধুপুর চৌরাস্তা বাজারে এ কর্মসূচীর আয়োজন করা হয়। কালীচরনপুর ইউনিয়ন সর্বস্তরের জনগনের আয়োজনে এ কর্মসূচী পালিত হয়। ঘন্টাব্যাপী চলা এই মানববন্ধনে রাজনৈতিক ব্যক্তিত্বসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন, কালীচরনপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ওহিদুজ্জামান উজ্জল, পৌর শ্রমিক লীগের সভাপতি আরিফুল ইসলাম শিমুল, সাধারণ সম্পাদক ছোটন হাসান, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক খানজাহান রহমান, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সোহেল রানা সিটিসহ অন্যান্যরা। সেসময় বক্তারা বলেন, সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় সাইদুল করিম মিন্টুকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। মিন্টুকে ফাঁসানো হচ্ছে

অভিযোগ করে বক্তারা অবিলম্বে তার নি:শর্ত মুক্তির দাবী জানান।

ঝিনাইদহে আর্থিক সহায়তার চেক বিতরণ

ঝিনাইদহে সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোক, প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের এককালীন আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বিকালে সদর উপজেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে সদর উপজেলা অডিটোরিয়ামে এ চেক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান মিজানুর রহমান মাসুম।

সেসময় উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান এনামুল হক, মহিলা ভাইস চেয়ারম্যান বর্ষা মীর, সমাজ সেবা কর্মকর্তা আব্দুল হাই সিদ্দিক, মৎস্য কর্মকর্তা গোলাম সরওয়ার, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদসহ আরও অনেকে।

এসময় সদর উপজেলার বিভিন্ন গ্রামের ১২ জন রোগীর মাঝে প্রত্যেককে ৫০ হাজার টাকা করে ৬ লক্ষ টাকার এককালীন আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়।

ঝিনাইদহে মিন্টুর মুক্তির দাবিতে বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীদের মানববন্ধন

দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া শিক্ষার্থীরা ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবিতে মানববন্ধন করেছে।

গতকাল রোববার বিকালে শহরের পায়রা চত্ত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারকে হত্যার চেষ্টায় অপহরণ মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, সারাদেশের বিভিন্ন পাবলিক বিশ^বিদ্যালয়ে ঝিনাইদহ জেলা সমিতির প্রধান পৃষ্ঠপোষক সাইদুল করিম মিন্টু। তিনি দীর্ঘদিন জেলার দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের বিশ^বিদ্যালয়ে ভর্তি হওয়াসহ যেকোন প্রয়োজনে সহায়তা দিয়ে আসছেন। বৃত্তি প্রদান করেন। ঝিনাইদহ-৪ আসনের সাংসদের হত্যাকান্ডে যারা জড়িত আমরা তাদের বিচার চায়। কিন্তু স্বর্ণপাচারের দ্বন্দ্বের এই ঘটনায় সাইদুল করিম মিন্টুকে জড়িয়ে ঘটনা ভিন্নখাতে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। হত্যার ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক ফায়দা নেওয়ার চেষ্টা করা হচ্ছে।

এই ঘটনার সাথে সাইদুল করিম মিন্টু জড়িত থাকতে পারেনা। তারা অবিলম্বে সাইদুল করিম মিন্টুর মুক্তি দাবি করেন। মানববন্ধনে দেশের বিভিন্ন পাবলিক বিশ^বিদ্যালয়ে পড়ুয়া শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।